

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুষ্ক)

আদেশ

তারিখ: ১১ই কার্তিক ১৪০৭ বাংলা। ২৬/১০/২০০০ ইংরেজী।

এস.আর.ও নং ৩২৫-আইন/২০০০/১৮৭২/শুষ্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 20 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, উক্ত Act এর First Schedule-এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) 34.02 এর বিপরীতে কলাম (২) এ উলিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 3402.13.00 এবং 3402.19.00 এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত De-inking Chemical কে অতঃপর পণ্য বলিয়া উলিখিত, উহার উপর আরোপণীয় সমুদয় আমদানী শুষ্ক হইতে, নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্ত

- (ক) আমদানীকারককে এই মর্মে বিনিয়োগ বোর্ডের প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে যে, আমদানীকৃত পণ্য দ্বারা শুধুমাত্র De-inking প্রক্রিয়ায় Waste Paper এর মাধ্যমে নিউজপ্রিন্ট প্রস্তুত করা হইবে এবং আমদানীকৃত পণ্যের পরিমাণ হইবে বিনিয়োগ বোর্ড কর্তৃক নির্ধারিত বার্ষিক কাঁচামালের ভিত্তিতে আমদানীকারক নিউজপ্রিন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত বা আমদানীতব্য বার্ষিক প্রয়োজনীয় কাঁচামালের এক তৃতীয়াংশ;
- (খ) আমদানীকৃত পণ্য দ্বারা আগামী \*‘‘৩০শে জুন, ২০০৮ তারিখের’’ মধ্যে আমদানী পূর্বক নিউজপ্রিন্ট প্রস্তুত করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৮/০৯/২০০০ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(আবুল কাসেম)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

\* এস. আর. ও ১১৫-আইন/২০০৬/২১০৭/শুষ্ক, তারিখ ০৮/৬/২০০৬ ইং দ্বারা সংশোধিত।

\* এস.আর.ও নং ১৪৭-আইন/২০০৭/২১৪৬/শুষ্ক তারিখ ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।